বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৫৯৯/ PVV Edu(পার্ট-৭)/২০২৩/১৬৬১ তারিখ : ১১.০২.২০২৪খ্রি.

বিষয় : সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম কর্তৃক সাধারণ শিক্ষা ধারার নির্বাচিত ৬৪০টি প্রতিষ্ঠানে চালুকৃত ভোকেশনাল শিক্ষায় ২০২৪ সালে নবম শ্রেণীতে আসন অনুযায়ী শিক্ষার্থী ভর্তি নিশ্চিতকরণে প্রচার-প্রচারণাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় সাধারণ শিক্ষা ধারার ৬৪০টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে ১০টি ট্রেডে (প্রতি প্রতিষ্ঠানে ২টি ট্রেড) একাডেমিক কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত প্রতিষ্ঠানসমূহে নবম শ্রেণিতে প্রতিটি ট্রেডে ৪০জন করে সর্বমোট ৫১,২০০ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ থাকলেও প্রতিষ্ঠানসমূহ হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ২০২৪ সালে ২২,৪৮১ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে, যা মোট আসন সংখ্যার প্রায় ৪৪% মাত্র। বর্ণিত প্রতিষ্ঠানসমূহে ২টি করে ল্যাব নির্মাণপূর্বক আন্তর্জাতিকমানের মূল্যবান যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে। এক্ষেত্রে আসন অনুযায়ী শিক্ষার্থী ভর্তি না হওয়ায় সরকারি সম্পদের অপচয় হচ্ছে এবং সংশ্লিষ্ট এলাকায় দক্ষ নাগরিক তৈরির কার্যক্রম ব্যাহত হচ্ছে মর্মে প্রতীয়মান। এ প্রেক্ষিতে, আসন অনুযায়ী শিক্ষার্থী ভর্তি নিশ্চিত করার জন্য প্রচার-প্রচারণাসহ নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন:

- আঞ্চলিক পরিচালক ও তাঁর কার্যালয়ের সকল কর্মকর্তা; জেলা শিক্ষা অফিসার ও তাঁর দপ্তরের সকল কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও তাঁর দপ্তরের কর্মকর্তা প্রমাপ অনুযায়ী অগ্রাধিকারভিত্তিতে ভোকেশনাল প্রতিষ্ঠান সংশ্লিষ্ট এলাকার জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে দিনব্যাপী সেখানে অবস্থান করে প্রচার-প্রচারণা এবং ভর্তি কার্যক্রম ত্বরান্বিত করতে প্রতিষ্ঠানকে সার্বিক সহায়তা প্রদান করতে পারেন;
- প্রতিষ্ঠান প্রধান প্রচারের জন্য ভোকেশনাল শিক্ষার গুরুত্ব ও দেশ-বিদেশে প্রাপ্ত কর্মসংস্থানের সুযোগ সুবিধা উল্লেখপূর্বক বিভিন্ন ধরনের ডিজিটাল পোস্টার তৈরি ও প্রচার করবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার কর্মকর্তাগণ প্রতিষ্ঠানে উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন;
- প্রতিষ্ঠান প্রধান ট্রেড শিক্ষক/আইসিটি শিক্ষকের সহায়তায় ভোকেশনাল শিক্ষার উপর ২/৩ মিনিটের ভিডিও ক্লিপ ক্যামেরা/মোবাইলে ধারণ করে বিভিন্ন মাধ্যমে প্রচার করবেন। যেমন: ভিডিও ক্লিপে শিক্ষার্থীরা সেইফটি ইকুইপমেন্ট ব্যবহার করে ট্রেড ল্যাবে ব্যবহারিক ক্লাস করছে এমন দৃশ্য অন্তর্ভুক্ত করা যায়, ইত্যাদি;
- মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ প্রতিষ্ঠান প্রধানকে সঙ্গে নিয়ে উঠান বৈঠক/বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে উপস্থিত এলাকার গণমানুষের মাঝে ভোকেশনাল শিক্ষার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন;
- প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান-সংশ্লিষ্ট এলাকার যেসকল ব্যক্তি বা ব্যক্তিবর্গ বিদেশে অবস্থান করছেন, ভিডিও ক্লিপের সহায়তায় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে তাদেরকেও ভোকেশনাল শিক্ষায় শিক্ষার্থী ভর্তির বিষয়ে সম্পৃক্ত করে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন;
- প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান সংশ্লিষ্ট এলাকায় প্রচারের জন্য সুনির্দিষ্ট অডিও প্রচারপত্র তৈরি করে নিয়মিত মাইকিং এর ব্যবস্থা করবেন;
- প্রতিষ্ঠান প্রধান ভোকেশনাল ট্রেডের সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করবেন এবং তাদের অভিভাবকগণকে উদ্বুদ্ধকরণের উদ্যোগ গ্রহণ করবেন;
- প্রতিষ্ঠান প্রধান স্থানীয় গণমাধ্যম (প্রিন্ট ও ইলেকট্রনিক) ব্যবহার করে প্রচারের পাশাপাশি স্থানীয় ক্যাবল লাইনে (ডিসলাইন) প্রচারের উদ্যোগ গ্রহণ করতে পারেন;
- প্রতিষ্ঠান প্রধান স্কুল ম্যানেজিং কমিটি/ মাদ্রাসা ম্যানেজিং কমিটির সভা আহ্বান করে আসন অনুযায়ী শিক্ষার্থী ভর্তির প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিতকরণ ও পর্যালোচনা করে তা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

CamScanner

➢ আঞ্চলিক পরিচালকগণ নিয়মিতভাবে (প্রতি ১৫ দিন অন্তর) নিম্নোক্ত তথ্যছকে শিক্ষার্থী ভর্তির তথ্য সংগ্রহপূর্বক পর্যালোচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন এবং এসপিএসইউ, সেসিপ-এ উক্ত তথ্য প্রেরণ করবেন। ২০২৪ সালের ৯ম শ্রেণির আসনভিত্তিক শিক্ষার্থী ভর্তির তথ্য ছক:

ক্রমিক	অঞ্চল	জেলা	উপজেলা	প্রতিষ্ঠানের নাম	EIIN	শিক্ষার্থীরনাম	শ্রেণি	রোল	ট্রেডেরনাম	জন্মনিবন্ধননম্বর

➢ এনটিআরসিএ কর্তৃক এমপিওভুক্ত প্রতিষ্ঠানে ট্রেড ইন্সট্রাক্টর নিয়োগের জন্য ইতোমধ্যে অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে যেখানে বর্ণিত প্রতিষ্ঠানের রেজিস্ট্রশন ও নিয়মিতভাবে শূন্য পদের চহিদা প্রদান করা প্রয়োজন। এখনও যে সকল প্রতিষ্ঠানে ট্রেড এ্যাসিস্টেন্ট-এর নিয়োগ সম্পন্ন হয়নি, সেখানে দ্রুত নিয়োগ সম্পন্ন করা দরকার। এছাড়াও ২০টি সরকারি বিদ্যালয়ে বিশেষ ব্যবস্থাপনায় কোর্স চালুর উদ্যোগ গ্রহণ এবং ট্রেড ইন্সট্রাক্টর ও ট্রেড এ্যাসিস্টেন্ট এর নিয়মিত পদ সৃষ্টির প্রস্তাব প্রস্তুত করে অধিদপ্তরে প্রেরণ করতে হবে। এছাড়াও প্রতিষ্ঠান প্রধানগণ ট্রেড ইন্সট্রাক্টর ও ট্রেড এ্যাসিসটেন্ট এর শূন্য পদের তথ্য নিয়মিতভাবে (Google Form এ) প্রেরণ করবেন।

➢ আঞ্চলিক পরিচালকগণ তাঁর অধিক্ষেত্রের সকল অফিস ও কর্মকর্তাকে সম্পৃক্ত করে উল্লেখিত বিষয়ে জুম প্ল্যাটফর্ম ব্যবহার করে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করবেন এবং ইতোমধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য উপর্যুক্ত ছকে নিয়মিতভাবে এসপিএসইউ, সেসিপে প্রেরণ করবেন। অঞ্চল হতে প্রাপ্ত তথ্য একত্রিত করে প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাউশি অধিদপ্তরের সমীপে উপস্থাপন করা হবে। মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আয়োজন করে নিয়মিতভাবে আসন ভিত্তিক শিক্ষার্থী ভর্তির সর্বশেষ অগ্রগতিসহ অন্যান্য সকল বিষয় নিয়মিতভাবে পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

২। সেসিপ-এর ভোকেশনাল কর্মসূচির আওতায় সাধারণ শিক্ষা ধারার ৬৪০টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে চালুকৃত ভোকেশনাল কোর্সে ২০২৪ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে আসন অনুযায়ী শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে উপর্যুক্ত কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

১৯.০২.২৪

(ড. মো. আতাউর রহমান)
উপপরিচালক (প্রোগ্রাম)
ফোন নং: ০২৪১০৫২৯৫৫

পরিচালক (সকল)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা, আঞ্চলিক কার্যালয়।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা [দৃ.আ.: উপসচিব (উন্নয়ন-১)]।
২. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. চেয়ারম্যান, জেলা পরিষদ,...................... জেলা।
৪. জেলা প্রশাসক,.................................. জেলা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,............................ উপজেলা.................জেলা।
৬. জেলা শিক্ষা অফিসার, ... জেলা [ভর্তি সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে নিয়মিতভাবে পরিচালকের কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ]।
৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল)........................উপজেলা/থানা...................জেলা [ভর্তি সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে নিয়মিতভাবে জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ]।
৮. পি এ টু যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ (যুগ্ম প্রোগ্রাম পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৯. অফিস কপি।

CamScanner